# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 1st Term Test -- 2018

Sub: Bengali | Class: 11-A-2,B,C,&D | F.M: 80

Duration: 3 hours 15 minutes | Date: 25.7.2018

বিভাগ-ক

১ সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ ১×১৮=১৮

১.১ "কর্তার ভূত"গল্পটির মূল গ্রন্থ হল--
ক) বলাকা খ) লিপিকা
গ) খেয়া ঘ) শিশু

১.২ ভূতের জেলখানার দারোগা কে?
ক) মাসি-পিসি খ) শিরোমণি-চূড়ামণি
গ) ভূতের নায়েব ঘ) ওঝা।

১.৩ ভূতের জেলখানার ঘানি থেকে কী বের হয়?
ক)তেল খ)কালি
গ)মানুষের তেজ ঘ)তুমুল 'আওয়াজ

১.৪ রবীন্দ্রনাথ 'সনাতন ঘুম' বলতে কী বুঝিয়েছেন?
ক)আদিমকালের ঘুম খ)চিরকালের ঘুম
গ)পরিবর্তনহীন,অন্ধ সংস্কারের ঘুম ঘ)ভাতঘুম

১.৫ ভূতের রাজত্বে শান্তির প্রকৃতি কী?
ক) মানুষ ভূতগ্রস্ত খ) ভূত মানুষ কে বিরক্ত করে না
গ) ওঝারা ভূতগ্রস্ত ঘ) মানুষ অস্থির।

১.৬ জনার কাহিনী মহাভারতের কোন পর্বে আছে?
ক)ভীষ্ম পর্ব খ)অনুশাসন পর্ব
গ)অশ্বমেধ পর্ব ঘ) বিরাট পর্ব

১.৭ 'বীরাঙ্গনা কাব্য'-এ জনা পত্রিকা কত সংখ্যক পত্র?
ক)একাদশ খ)দ্বাদশ
গ) দশম ঘ) ত্রয়োদশ

১.৮ "স্বর্গে ইঁদুর-বাহন প্লেগ পাছে ওঠে"- স্বর্গ কী?
ক)ভারতবর্ষ খ)মিশর
গ)ইউরোপ ঘ) মিশরের জাহাজ

১.৯ কোন মাছ দেখে লেখকের হাঙরের বাচ্চা মনে হয়েছিল?
ক)তিমি খ)বনিটো
গ)ইলিশ ঘ)ডলফিন

১.১০ 'বীরাঙ্গনা কাব্য' কী জাতীয় কাব্য?
ক) গীতিকাব্য খ) মহাকাব্য
গ) নাট্যকাব্য ঘ) পত্রকাব্য

১.১১ পড়শী ছুঁলে কী হবে?
ক)যন্ত্রনা জুড়োবে খ)যম-যাতনা দূরে যাবে
গ)শুভবোধ জাগবে ঘ)ভালোবাসা

১.১২ জনার পুত্রের নাম কী?

ক)প্রবীর খ) অভিমন্যু
গ) কুশ ঘ) নীলধ্বজ

১.১৩ চর্যাপদ প্রকাশিত হয় কবে?
ক)১৯১৪ খ) ১৯১৫
গ) ১৯১৬ ঘ) ১৯১৭

১.১৪ শ্রীকৃষ্ণকীর্তন কাব্য আবিষ্কৃত হয় কবে?
ক)১৯০৭ খ) ১৯০৮
গ) ১৯০৯ ঘ) ১৯০৬

১১৫ 'আরশি' শব্দের অর্থ কী?
ক) আয়না খ) পড়শী
গ) কাঁচ ঘ) ছায়া

১.১৬ লালনের গানগুলিকে কী বলা হয়?
ক) বাউলসঙ্গীত খ) মারফতী
গ) কবিগান ঘ) পদাবলী

১.১৭ কর্ণ যুদ্ধক্ষেত্রে বিফল হন কীভাবে?
ক) অর্জুনের বানে খ) কৃষ্ণের কৌশলে
গ) ব্রহ্মশাপে ঘ) জনার শাপে

১.১৮ 'বীরাঙ্গনা কাব্য'-এ কোন বিদেশী কবি ও কাব্যের ছায়া আছে?
ক) দান্তের ডিভাইন কমেডি খ) ওভিদের হিরোইডস
গ) শেকসপীয়রের সনেট ঘ) হোমারের ইলিয়ড।

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ বাংলা সাহিত্যের অন্ধকারময় যুগ কাকে বলা হয়?
২.২ শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির রচয়িতা কে?
২.৩ চর্যাপদের সংস্কৃত টীকাকার কে?
২.৪ চর্যাপদের মোট পদসংখ্যা কতগুলি?
২.৫ চর্যাপদ কোথা থেকে কার সম্পাদনায় প্রকাশিত হয়?
২.৬ "কাজেই মানুষ সেখানে একেবারে জুড়িয়ে যায় নি।তারা ভয়ঙ্কর সজাগ আছে"-কাদের সজাগ থাকার কথা বলা হয়েছে?তারা সজাগ থেকে কী করছে?
২.৭ অদ্ভুতের পেয়াদারা কোথায় ঘুরে বেড়ায়?
২.৮ "উপযুক্ত শিক্ষা দিলে কিনা তা খবর পায়নি"—কাকে উপযুক্ত শিক্ষা দেওয়ার কথা বলা হয়েছে ?
২.৯ "সুয়েজখালেঃহাঙ্গর শিকার"-প্রবন্ধটির মূল গ্রন্থ কী ?
২.১০ অসমবায়ী ভাষা কাকে বলে?
২.১১ ক্রেওল (Creol)কী?
২.১২ "শিক্ষার সার্কাস" কবিতার অনুবাদক কে?

বিভাগ-খ

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×১=৫
৩.১ কোন কারণে ভূত শাসনতন্ত্র নিয়ে দ্বিধা জাগল?
৩.২ ভূতগ্রস্ত দেশ কোন আদিম আভিজাত্য অনুভব করে?

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×১=৫
৪.১ হাঙ্গর ধরার প্রথম চেষ্টার বিবরণ দাও।
৪.২ "...সে গদাইলস্করী চাল,বনিটোর সোঁ সোঁ তাতে নেই;"—কার সম্পর্কে এরূপ উক্তি?লেখকের অনুসরণে তার আগমন দৃশ্য বর্ণনা করো।(১+৪)

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ** ৫×২=১০
৫.১ "যবে দেশ-দেশান্তরে জনরব লবে/এ কাহিনী,"—কোন কাহিনীর কথা বলা হয়েছে,তা নিজের ভাষায় বর্ননা করো।

৫.২ 'যম যাতনা' কী? তা কীভাবে দূর হবে?
৫.৩ "কোন শাস্ত্রে,কোন বেদে লেখে কে পুরাণে—এ কাহিনী"--কাহিনীটির লেখক কে? কাহিনীটি নিজের ভাষায় বর্ণনা করো।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৬.১ বর্তমান জীবনে প্রকৃত শিক্ষার দৈন্য কীভাবে কবিতায় প্রকাশ পেয়েছে?
৬.২ "এক,দুই,তিন-চার"—এই গণনার তাৎপর্য কী?

**৭ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৭.১ "একধার থেকে মতিভ্রমের পালা আরম্ভ হল"—কার প্রতি কার উক্তি?বক্তা কাকে মতিভ্রম বলে চিহ্নিত করেছেন?(১+৪)
৭.২ "আমি সেই পুঁথি বন্ধ করবার কাজে ভয়ানক ব্যস্ত"—কে পুঁথি বন্ধ করবার কাজে ভয়ানক ব্যস্ত?বক্তার এরূপ উক্তির কারণ কী?(১+৪)
৭.৩ "তার রাগটা কীরকম দেখবার জন্যই তো এ কাজ করেছি"-বক্তা কে?কার রাগের কথা বলা হয়েছে?তার রাগটা দেখার জন্য বক্তা কী করেছিল?(১+১+৩)

**৮ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৮.১ চর্যাপদে বর্ণিত সমাজ জীবনের পরিচয় দাও।
৮.২ বাংলা সাহিত্যের ইতিহাসে চণ্ডীদাসের অবদান বর্ণনা করো।
৮.৩ বাংলা সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণ কী প্রভাব ফেলেছিল তা সংক্ষেপে বিবৃত করো।

**৯ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৯.১ ভাষার রূপতত্ত্ব অনুযায়ী শ্রেণিবিভাগ গুলি উল্লেখ করো।
৯.২ মিশ্র ভাষা কাকে বলে?তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## 1st Term Test – 2018

**Sub: Bengali (Model Answer)** **Class: 11-A-2, B, C, &D** **F.M: 80**

**Duration: 3 hours 15 minutes** **Date: 25.7.2018**

বিভাগ-ক

Arpita Chanda
27.7.18

১ সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ ১×১৮=১৮

১.১ "কর্তার ভূত"গল্পটির মূল গ্রন্থ হল-- খ) লিপিকা

১.২ ভূতের জেলখানার দারোগা কে?--গ) ভূতের নায়েব

১.৩ ভূতের জেলখানার ঘানি থেকে কী বের হয়?--গ)মানুষের তেজ

১.৪ রবীন্দ্রনাথ 'সনাতন ঘুম' বলতে কী বুঝিয়েছেন?--গ)পরিবর্তনহীন,অন্ধ সংস্কারের ঘুম

১.৫ ভূতের রাজত্বে শান্তির প্রকৃতি কী?--ক) মানুষ ভূতগ্রস্ত

১.৬ জনার কাহিনী মহাভারতের কোন পর্বে আছে?--গ)অশ্বমেধ পর্ব

১.৭ 'বীরাঙ্গনা কাব্য'-এ জনা পত্রিকা কত সংখ্যক পত্র?-- ক)একাদশ

১.৮ "স্বর্গে ইঁদুর-বাহন প্লেগ পাছে ওঠে"- স্বর্গ কী?--গ)ইউরোপ

১.৯ কোন মাছ দেখে লেখকের হাঙরের বাচ্চা মনে হয়েছিল?-- খ)বনিটো

১.১০ 'বীরাঙ্গনা কাব্য' কী জাতীয় কাব্য?--ঘ) পত্রকাব্য

১.১১ পড়শী ছুঁলে কী হবে?--খ)যম-যাতনা দূরে যাবে

১.১২ জনার পুত্রের নাম কী?-- ক)প্রবীর

১.১৩ চর্যাপদ প্রকাশিত হয় কবে?--গ) ১৯১৬

১.১৪ শ্রীকৃষ্ণকীর্তন কাব্য আবিষ্কৃত হয় কবে?--গ) ১৯০৯

১.১৫ 'আরশি' শব্দের অর্থ কী?-- ক) আয়না

১.১৬ লালনের গানগুলিকে কী বলা হয়?-- ক) বাউলসঙ্গীত

১.১৭ কর্ণ যুদ্ধক্ষেত্রে বিফল হন কীভাবে?-- গ) ব্রহ্মশাপে

১.১৮ 'বীরাঙ্গনা কাব্য'-এ কোন বিদেশী কবি ও কাব্যের ছায়া আছে?--খ) ওভিদের হিরোইডস

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ ত্রয়োদশ –চতুর্দ্দশ শতকের সময় বাংলায় তুর্কি আক্রমনের সময় কোন লিখিত সাহিত্যের নিদর্শন পাওয়া যায় না,তাই এই সময় কে অন্ধকারময় যুগ বলা হয়।

২.২ বড়ু চণ্ডীদাস

২.৩ মুণি দত্ত

২.৪ হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদে পদসংখ্যা-সাড়ে ছেচল্লিশটি।প্রবোধচন্দ্র বাগচী আবিষ্কৃত চর্যাপদে পদসংখ্যা-একান্নটি।

২.৫ ১৯১৬ সালে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় প্রকাশিত হয়।

২.৬ পৃথিবীর অন্য সব দেশের কথা বলছে।তারা তাদের দেশের রথচক্রটিকে সচল রেখে ভবিষ্যৎ এর দিকে এগিয়ে যাচ্ছে।

২.৭ সদরের রাস্তায় ঘাটে।

২.৮ আরকাটি মাছ বা পাইলট ফিস কে।

২.৯ পরিব্রাজক

২.১০ যে ভাষায় শব্দের মধ্যে কোন উপসর্গ,প্রত্যয় ইত্যাদি যুক্ত থাকে না,বাক্যের মধ্যে শব্দের অবস্থান দেখে কর্তা,কর্ম,নির্ণয় করতে হয়,তাকে অসমবায়ী ভাষা বলে।যেমন-চিনা ভাষাগোষ্ঠীর ভাষা।

২.১১ পিজিন যখন কোন অঞ্চলের মাতৃভাষায় পরিণত হয়,তখন তাকে ক্রেওল (Creol) বলে।

২.১২ উৎপলকুমার বসু।

বিভাগ-খ

(উত্তর হবে চলিত ভাষায়।বানান ভুল,অপরিষ্কার,অপরিচ্ছন্ন লেখার জন্য নম্বর কাটা যেতে পারে।উত্তর হবে যুক্তিপূর্ণ,বিশ্লেষণধর্মী ও ধারাবাহিক।প্রয়োজনে প্রসঙ্গ উল্লেখ করতে হবে।)

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৩.১ পৃথিবীর অন্যদেশ গুলি ভূতগ্রস্থ হয়নি।তারা দিব্যি নিজেদের দেশকে প্রগতির দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে,এই দেখে।

৩.২ দেশের তত্ত্বজ্ঞানীরা প্রচার করেছিলেন যে চোখ বুজে চলাই হচ্ছে জগতের আদিম চলা,যে চলা এখনও অনুসরন করে যাচ্ছে সৃষ্টির প্রথম চক্ষুহীন কীটানুরা।এই শুনে ভূতগ্রস্ত দেশ আদিম আভিজাত্য অনুভব করে।

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ হাঙ্গর ধরার বিবরণ লেখকের বিবরণ অনুযায়ী নিজের ভাষায় লিখতে হবে।(দ্রষ্টব্য-সাহিত্যচর্চা,পৃষ্ঠা-২৪-২৫)

৪.২ বাঘা নামের হাঙ্গের সম্পর্কে এই উক্তি। প্রবন্ধ অনুসরণে নিজের ভাষায় বর্ণনা করতে হবে।(দ্রষ্টব্য-সাহিত্যচর্চা,পৃষ্ঠা-২৪)

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৫.১ রাজা নীলধ্বজ তার পুত্রহত্যাকারীকে মিত্র রূপে বরণ করেছে।এই কাপুরুষতার কথাই জনা বলেছে।তা পাঠ্য অনুসরণে বিস্তৃত আলোচনা করতে হবে।

৫.২ ‘যম যাতনা’ হল দৈহিক কষ্টবোধ।লালন ও তার মনের মানুষের দেখা হলেই এই কষ্টবোধ আর থাকবে না।

৫. ৩ কাহিনীটির লেখক হলেন দ্বৈয়াপন ঋষি বা বেদব্যাস।জনার বর্ণনা অনুযায়ী কাহিনীটি নিজের ভাষায় লিখতে হবে।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৬.১ বর্তমান জীবনে শিক্ষার মধ্যে কোন প্রজ্ঞার আলোক নেই,তা কেবল শ্রেণিগত উত্তরণের মধ্যেই সীমিত।

৬.২ “এক,দুই,তিন-চার”—এই সংখ্যাগুলির গাণিতিক তাৎপর্য থাকলেও বর্তমান শিক্ষা ব্যবস্থায় এই শ্রেণি উত্তরণ মূল্যহীন।

**৭ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৭.১ মহাপঞ্চকের প্রতি পঞ্চকের উক্তি।পঞ্চক এখানে মতিভ্রম কথাটি ভালো অর্থে প্রয়োগ করেছে,কেননা এই মতিভ্রমের মধ্যেই লুকিয়ে রয়েছে প্রকৃত শিক্ষার আলোক।

৭.২ পঞ্চক বক্তা।গুরু-র কাছ থেকে শিক্ষার উদার রূপ কে দেখবে বলে পঞ্চক এই আচরণ করেছে।

৭.৩ বক্তা হল পঞ্চক।মহাময়ূরী দেবীর রাগের কথা বলা হয়েছে।তার রাগটা দেখার জন্য বক্তা শনিবারে মহাময়ূরী দেবীর পূজার দিন কাঁসার থালায় ইঁদুরের গর্তের মাটি রেখে,তার উপর পাঁচটা শেয়াল কাটার পাতা আর তিনটে মাষকলাই সাজিয়ে আঠারোবার ফুঁ দিয়েছে।

**৮ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৮.১ চর্যাপদের সংক্ষিপ্ত বিবরণ দিয়ে সেই সময়ের সমাজ চিত্র অর্থাৎ জাতিভেদ,খ্যাদাভাস,আমোদ-প্রমোদের ব্যবস্থা ইত্যাদির বর্ণনা করতে হবে।(দ্রষ্টব্য-বাঙালির ভাষা ও সংস্কৃতি-পৃষ্ঠা-১৩-১৪)

৮.২ চন্ডীদাস প্রাক চৈতন্যযুগের পদাবলীকার।পূর্বরাগ ও আক্ষেপানুরাগের শ্রেষ্ঠ কবি।তাঁর পদে রাধা যৌবনেই যোগিনীর বেস ধারণ করেছে।(দ্রষ্টব্য-বাঙালির ভাষা ও সংস্কৃতি-পৃষ্ঠা-৩০-৩১)

৮.৩ তুর্কি আক্রমনের ফলে বাংলায় অবাধে চলতে থাকে লুঠতরাজ ও ধ্বংসলীলা।এই সময় বাংলায় কোন লিখিত সাহিত্যের নিদর্শন পাওয়া যায় নি।শ্রীকৃষ্ণকীর্তনের প্রসঙ্গ সংক্ষেপে উল্লেখ করতে হবে।(দ্রষ্টব্য-বাঙালির ভাষা ও সংস্কৃতি-পৃষ্ঠা-১৮-১৯)

**৯ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৯.১ রূপতত্ত্ব বলতে মূলত ভাষার শব্দ গঠন,তার প্রত্যয়,বিভক্তি নিয়ে আলোচনা করা হয়।রূপতত্ত্ব অনুযায়ী ভাষা কে অসমবায়ী এবং সমবায়ী—এই দুই ভাগে ভাগ করা যায়।সমবায়ী ভাষাকে আবার মুক্তান্বয়ী,অত্যন্বয়ীএবং সমন্বয়ী—এই তিন ভাগে ভাগ করা যায়।প্রত্যেক ভাগকে উদাহরণ সহ আলোচনা করতে হবে।(দ্রষ্টব্য-বাঙালির ভাষা ও সংস্কৃতি-পৃষ্ঠা-১০৯-১১০।)

৯.২ মূলত ব্যবসায়িক কারণে মিশ্র ভাষার সৃষ্টি হয়।মিশ্র ভাষাকে দুইভাগে ভাগ করা যায়—পিজিন ও ক্রেওল।পিজিন ও ক্রেওল কী এবং তাদের দৃষ্টান্ত উল্লেখ করতে হবে।(দ্রষ্টব্য-বাঙালির ভাষা ও সংস্কৃতি-পৃষ্ঠা-১১৪-১১৫।)